**তারিখ:** 28/02/2017

**ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949(এএসিএস) –এর ধারা 35A –এর অধীনে বিশেষ নিয়ন্ত্রণবিধি- মারাঠা সহকারী ব্যাঙ্ক লিমিটেড, মুম্বই, মহারাষ্ট্র**

রিজার্ভ ব্যাঙ্ক, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির জন্য যথাপ্রযোজ্য)-এর ধারা 35A-র অধীনে মুম্বই স্থিত মারাঠা সহকারী ব্যাঙ্ক লিমিটেড, -এর উদ্দেশ্যে অগস্ট 31, 2016 তারিখাঙ্কিত বিশেষ নিয়ন্ত্রণবিধি জারি করেছিল, 6 মাস মেয়াদের জন্য (অর্থাৎ ফেব্রুয়ারি 28, 2017 পর্যন্ত) যা পরবর্তীতে সেপ্টেম্বর 07, 2016 তারিখাঙ্কিত আদেশবিধির মাধ্যমে পরিমার্জিত করা হয়। পর্যালোচনার সাপেক্ষে, বিশেষ নিয়ন্ত্রণবিধি ছয় মাস মেয়াদের জন্য- ফেব্রুয়ারি 28, 2017 পর্যন্ত বলবত্ আছে। বিদ্যমান বিশেষ নিয়ন্ত্রণবিধি অনুসারে, অন্যান্য শর্তাদির মধ্যে, একজন আমানতকারীকে প্রতিটি সেভিংস ব্যাঙ্ক বা কারেন্ট ব্যাঙ্ক অ্যাকাউন্ট অথবা অন্য কোনও আমানত অ্যাকাউন্ট তাকে যে নামেই ডাকা হোক সেই অ্যাকাউন্টগুলির বিদ্যমান ব্যালান্স থেকে অনধিক ₹ 5,000/- মূল্যের রাশি প্রত্যাহার করার অনুমতি দেওয়া হয়েছিল।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক উক্ত ব্যাঙ্কটির আর্থিক অবস্থার পর্যালোচনা করেছে এবং প্রাগুক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধিটি জনস্বার্থে পরিমার্জন করা প্রয়োজন বলে বিবেচনা করেছে।

তদনুসারে, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949-এর ধারা 35A-র উপধারা (1) এবং (2) তৎসহ পঠিত বি.আর. অ্যাক্ট, 1949-এর ধারা 56-এর অধীনে তার উপর ন্যস্ত ক্ষমতাবলে রিজার্ভ ব্যাঙ্ক এতদ্বারা আদেশ দিচ্ছে যে-

উক্ত আদেশবিধির অনুচ্ছেদ 1(i) যা অগস্ট 31, 2016 এবং সেপ্টেম্বর 07, 2016-তে মারাঠা সহকারী ব্যাঙ্ক লিমিটেড, মুম্বই-এর প্রতি জারি করা হয়েছিল তা নিম্নরূপে পরিমার্জিত হল:

"i. প্রতিটি সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্ট বা কারেন্ট অ্যাকাউন্ট বা মেয়াদী আমানত অ্যাকাউন্ট অথবা অন্য যেকোনও আমানত অ্যাকাউন্ট (তাকে যেনামেই ডাকা হোক) তার প্রতিটি অ্যাকাউন্ট থেকে অনধিক স্বাভাবিক বিধি ও শর্তাদি অনুসারে ₹ 20,000/- (কুড়ি হাজার টাকা মাত্র) মূল্যের কোনও রাশি প্রত্যাহার করতে আমানতকারীকে অনুমতি দেওয়া যাবে, এই শর্তে যে যেক্ষেত্রে ঐরূপ আমানতকারীর ব্যাঙ্কের প্রতি কোনও উপায়ে দায়বদ্ধতা থাকবে, অর্থাৎ হয় ঋণগ্রহীতা হিসাবে অথবা সিয়োরিটি হিসাবে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে ব্যাঙ্ক আমানতে র ভিত্তিতে প্রদত্ত ঋণসমূহও, সেক্ষেত্রে রাশিটি প্রথমে সংশ্লিষ্ট ঋণ অ্যাকাউন্ট/গুলি-তে বকেয়া রাশির সামঞ্জস্যক্রিয়া সাধনে (অ্যাডজাস্ট) ব্যবহার করতে হবে। আমানতকারীগণকে যে রাশি প্রদান করতে হবে সেটিকে পৃথকভাবে একটি এসক্রো অ্যাকাউন্ট এবং/অথবা চিহ্নিত (ইয়ারমার্কড) সিক্যুরিটি খাতে রাখতে হবে যেগুলি সংশোধিত নির্দেশাবলী অনুসারে ব্যাঙ্ক কর্তৃক কেবলমাত্র, আমানতকারীদের রাশি প্রদানের জন্য সদব্যবহার করতে হবে।"

ii. যদি ঋণগ্রহীতার সাথে ঋণ সম্মতিসনদের (লোন এগ্রিমেন্ট) বিধি ও শর্তাদিতে সেরকম উল্লেখ থাকে যে তাঁর নির্দিষ্ট আমানত অ্যাকাউন্ট (তাকে যে নামেই ডাকা হোক) থেকে রাশি তাঁর ঋণ অ্যাকাউন্টে বকেয়া রাশি পরিশোধের জন্য যথাযথভাবে স্থানান্তরণ /তৎসংক্রান্ত সামঞ্জস্যক্রিয়া সম্পাদন করা যাবে, তবে ব্যাংক আমানত রাশির ভিত্তিতে ঋণ রাশির পরিশোধ ক্রিয়া সম্পাদন করতে অনুমতি প্রাপ্ত; তবে ঋণ অ্যাকাউন্টে এরূপে বকেয়া রাশির পরিমাণ অবধি যথাযথ স্থানান্তরণ / সমাঞ্জস্যক্রিয়া সম্পাদন অনুমোদিত হবে নিম্নলিখিত অতিরিক্ত শর্তগুলির সাপেক্ষে:

সামঞ্জস্যক্রিয়া সম্পাদনের তারিখে অ্যাকাউন্টটিকে কেওয়াইসি নীতি অনুপালিত হতে হবে।

b) তৃতীয় পক্ষের অধীনে থাকা আমানতরাশি যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে কিন্তু গ্যারান্টর/সিয়োরিটির প্রতি সীমিত থাকবে না, সেই রাশির স্থানান্তরণ / সমাঞ্জস্যক্রিয়া সম্পাদনের অনুমতি নেই।

c) এই সুযোগটিকে প্রয়োগ করা যাবে আমানতকারীকে যথোপযুক্ত নোটিশ প্রেরণ করে/ তার সম্মতির সাপেক্ষে, সাধারণতঃ সেই সমস্ত ক্ষেত্রগুলিতে যেখানে স্থানান্তরণ /সামঞ্জস্যসাধন মারফত পরিশোধক্রিয়া সম্পাদনে অধিকতর বিলম্ব হলে ঋণরাশিটি অনুৎপাদক সম্পদে (এন পি এ) পরিণত হতে পারে৷ স্ট্যান্ডার্ড ঋণরাশির সামঞ্জস্যসাধন মারফত পরিশোধক্রিয়া সম্পাদন করতে (যেগুলিতে নিয়মিতভাবে প্রয়োজনীয় কাজকর্ম- পরিষেবাদান করা হয়ে থাকে) তথা ঋণ সম্মতিসনদের বিধি ও শর্তাদির থেকে কোনও প্রকার অপসরণ ঘটলে আমানতকারী-ঋণগ্রহীতার আগাম লিখিত সম্মতির প্রয়োজন হবে৷

d) আমানত বা সেটির ভিত্তিতে সামঞ্জস্যসাধন মারফত পরিশোধক্রিয়া সম্পাদন কোনও বিধিনিষেধের শর্তাধীন হবে না যেমন আইনি আদালত বা সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ অথবা আইনের মাধ্যমে ক্ষমতাপ্রাপ্ত অন্য কর্তৃপক্ষ দ্বারা জারিকৃত অ্যাটাচমেন্ট অর্ডার/ প্রহিবিটরি অর্ডার, আরনেস্ট মানি ডিপোজিট, ট্রাস্টের বাধ্যবাধকতা, তৃতীয় পাক্ষিক লিয়েন- যা স্টেট কো-অপারেটিভ সোসাইটিজ অ্যাক্ট ইত্যাদির বিধানের অধীনে জারি করা হয়েছে৷

অধিকন্তু, আমরা জানাই যে উক্ত বিশেষ নিয়ন্ত্রণবিধির বৈধতা আরও ছয় মাস মেয়াদের জন্য- অগস্ট 31, 2017 পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে৷

উক্ত মেয়াদবৃদ্ধি এবং পরিমার্জনের বিজ্ঞপ্তি সহ ফেব্রুয়ারি 23, 2017 তারিখাঙ্কিত আদেশবিধিটির প্রতিলিপি জনগণের অবগতির জন্য ব্যাঙ্ক চত্বরে প্রদর্শিত আছে৷

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক উপরোক্ত মেয়াদবৃদ্ধি এবং/ অথবা পরিমার্জন স্বতই এই ইঙ্গিত দিচ্ছে বলে মনে করা সমীচীন নয় যে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক প্রাগুক্ত ব্যাঙ্কটির আর্থিক অবস্থার বাস্তবিক উন্নতি সম্পর্কে সন্তুষ্ট৷

**অজিত প্রসাদ**
সহায়ক উপদেষ্টা

**প্রেস প্রকাশনি : 2016-2017/2310**